ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা।
ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার ত্রৈমাসিক ভিত্তিতে (জুলাই-সেপ্টেম্বর, ২০২৬) ২৯.০৯.২০২৬ তারিখে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২৬-২৭ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) সভা কর্পোরেশনের প্রধান কার্যালয়, শাখা ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহের সমন্বয়ে ২৯.০৯.২০২৬ তারিখে নিম্নোক্ত কর্মচারীগণের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়ঃ

সভাপতি	:	মিসেস মাহমুদা আক্তার মহাব্যবস্থাপক (অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স ও ব্রাঞ্চ এন্ড সাবসিডিয়ারি), আইসিবি।
বিশেষ অতিথি	:	জনাব মোঃ হাবিবুর রহমান মহাব্যবস্থাপক (ইইএফ), আইসিবি।
	:	জনাব বিভাস সাহা, মহাব্যবস্থাপক (অ্যাডমিন), আইসিবি।
স্থান	:	কমিটি কক্ষ, লেভেল-১৮, আইসিবি প্রধান কার্যালয়, (সশরীরে ও জুম প্লাটফর্ম)।
তারিখ ও সময়	:	২৯ সেপ্টেম্বর ২০২৬, বেলা ১১:০০ ঘটিকা।
অন্যান্য উপস্থিতি	:	জনাব শামিম আহমেদ, উপ-মহাব্যবস্থাপক (সাবসিডিয়ারি অ্যাফেয়ার্স ডিভিশন), জনাব বিপ্লব কুমার সাহা, উপ-মহাব্যবস্থাপক (মিউচ্যুয়াল ফান্ডস্ ডিভিশন), জনাব জনাব গোপাল চন্দ্র কর্মকার, উপ-মহাব্যবস্থাপক (ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লাইন্স ডিভিশন), জনাব এস. এম. মজিবুর রহমান, উপ-মহাব্যবস্থাপক (ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশন), সৈয়দ হাছান উজ্জামান, সহকারী মহাব্যবস্থাপক (ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট ও ব্যাংকার টু দ্যা ইস্যু ডিপার্টমেন্ট) এবং জনাব শরীফুল ইসলাম, সহকারী মহাব্যবস্থাপক (ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট ও পেনশন এন্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট)।

এছাড়া, শাখা কার্যালয় এবং সাবসিডিয়ারি কোম্পানিসমূহের নিম্নোক্ত কর্মচারী/প্রতিনিধিগণ ভার্চুয়ালি (Zoom Platform) উক্ত সভায় যুক্ত ছিলেনঃ

০১. মিসেস আয়শা সুলতানা
উপ-মহাব্যবস্থাপক, খুলনা শাখা

০২. জনাব লুৎফুল কাদের
উপ-মহাব্যবস্থাপক, চট্টগ্রাম শাখা

০৩. জনাব মোঃ আবুল কালাম আজাদ
উপ-মহাব্যবস্থাপক, রাজশাহী শাখা

০৪. জনাব মোঃ রওশন কবীর
উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় কার্যালয়

০৫. জনাব তাপস ঢালী
উপ-মহাব্যবস্থাপক ও অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা
আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

০৬. জনাব মোঃ শামীম উদ্দিন আহমেদ
সহকারী মহাব্যবস্থাপক, বরিশাল শাখা

০৭. জনাব শাশ্বত কুমার সাহা
সহকারী মহাব্যবস্থাপক ও উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা
আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট পিএলসি.

০৮. জনাব মোঃ তৈয়বুর রহমান
সহকারী মহাব্যবস্থাপক, সিলেট শাখা

০৯. জনাব এ. এম. টি. এ. মনোয়ার মোমিন
সহকারী মহাব্যবস্থাপক, বগুড়া শাখা

১০. জনাব মোঃ সাখাওয়াৎ হোসেন আকন্দ
সহকারী মহাব্যবস্থাপক, ইইএফ এগ্রো ডিপার্টমেন্ট

১১. জনাব মোঃ আরিফুর রহমান মিঞা
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা
আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড

১২. জনাব মোঃ হুমায়ুন কবীর
সিস্টেম এনালিস্ট
আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড

চলমান পাতা-২

উক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও অগ্রগতি অবহিতকরণ সভায় কর্পোরেশনের শাখা কার্যালয় এবং সাবসিডিয়ারি কোম্পানিসমূহের নিম্নোক্ত সম্মানিত বিনিয়োগকারী/গ্রাহক/উদ্যোক্তাগণ ভার্চুয়ালি অংশগ্রহণ করে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে তাঁদের মূল্যবান মতামত ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেনঃ

০১. মিজ্ মাহমুদা আহমেদ, রেজিঃ নং-৫২৬৯, আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড, আইএএমপিএলসি, ঢাকা।

০২. জনাব আব্দুল ওয়াহাব, বিনিয়োগ হিসাব নং-১৮৮০, আইসিএমএল, প্রধান কার্যালয়।

০৩. জনাব মোঃ মহিন উদ্দিন মিন্টু, পিটি হিসাব নং- ৯৩৪১ ও ৯০০৫, আইএসটিসিএল, প্রধান কার্যালয়।

০৪. জনাব প্রিয় লাল বণিক, বিনিয়োগ হিসাব নং-৬০৬, আইসিবি চট্টগ্রাম শাখা।

০৫. জনাব মোহসীন আলী, বিনিয়োগ হিসাব নং-৬৯৯১, আইসিবি রাজশাহী শাখা।

০৬. জনাব আব্দুল হাকিম, বিনিয়োগ হিসাব নং-৪৪৬৮, আইসিবি রাজশাহী শাখা।

০৭. জনাব ইকবাল আনোয়ার, বিনিয়োগ হিসাব নং-১৪৯৪ ও ২৫৯৯, আইসিবি খুলনা শাখা।

০৮. জনাব শেখ জালাল উদ্দিন, বিনিয়োগ হিসাব নং-৩২৩৩, আইসিবি খুলনা শাখা।

০৯. জনাব আলতাফ হোসেন, বিনিয়োগ হিসাব নং-৩২৪৫, আইসিবি বরিশাল শাখা।

১০. জনাব জয়দেব শর্মা চৌধুরী, বিনিয়োগ হিসাব নং-৯৬, আইসিবি সিলেট শাখা।

১১. জনাব এস,এম রেজাউল বারী, বিনিয়োগ হিসাব নং-৬১৯, আইসিবি বগুড়া শাখা।

১২. জনাব মোঃ শহীদ আবরার, লিয়েন নং- ৯৪১, ৯৮২ ও ১০৩৫ (আইসিবি ইউনিট রেজিঃ ৮৫৩৯), আইসিবি স্থানীয় কার্যালয়।

১৩. জনাব মেহেদি হাসান চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, এমকেডি এগ্রো লিঃ, বগুড়া।

০২। সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত অংশগ্রহণকারী সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার সঞ্চালক সহকারী মহাব্যবস্থাপক ও সিটিজেন'স চার্টার ফোকাল পয়েন্ট জনাব শরীফুল ইসলাম-কে ধারাবাহিকভাবে সভার আলোচ্য বিষয় সভায় উপস্থাপন করেন।

০৩। সহকারী মহাব্যবস্থাপক জনাব শরীফুল ইসলাম সভার শুরুতেই অবহিত করেন যে, আইসিবি এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সভা ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজনের ওপর গুরুত্বারোপ করে বলেন যে, কর্পোরেশনের প্রধান কার্যালয়, শাখা কার্যালয় এবং সাবসিডিয়ারি কোম্পানিসমূহ কর্তৃক নিজ নিজ হালনাগাদকৃত সিটিজেন'স চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে ইতোমধ্যে নিজস্ব ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়া, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ১৬.০৬.২০২৬ তারিখে অনুষ্ঠিত ৪র্থ ত্রৈমাসিক সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট, শাখা ও কোম্পানিকে আন্তরিক ধন্যবাদ জানান।

০৪। আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট পিএলসি এর সম্মানিত বিনিয়োগকারী মিজ্ মাহমুদা আহমেদ ভার্চুয়ালি যুক্ত হয়ে জানান যে, আইএএমপিএলসি এর কর্মীদের প্রদত্ত সেবার বিষয়ে তিনি অত্যন্ত সন্তুষ্ট। তবে বেশ কয়েক বছর যাবৎ আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড-এ বিনিয়োগের বিপরীতে ডিভিডেন্ড না পাওয়ায় হতাশা ব্যক্ত করেন এবং পর্যায়ক্রমে তাঁর ইউনিটগুলো Surrender করার কথা জানান। এ বিষয়ে মহাব্যবস্থাপক (অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স ও ব্রাঞ্চ এন্ড সাবসিডিয়ারি) মিসেস মাহমুদা আক্তার বলেন, সাম্প্রতিক বছরগুলোতে দেশের পুঁজিবাজার বিভিন্ন চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে। বাজারমূল্য, তারল্য, বিনিয়োগকারীদের আস্থা এবং বিভিন্ন সিকিউরিটিজের মূল্যায়নে পরিবর্তন এসেছে। ফলশ্রুতিতে বিগত কয়েক বছর ফান্ডের বিনিয়োগকারীদের লভ্যাংশ প্রদান করা সম্ভব হয়নি। তবে পুঁজিবাজারে ইতিচাচক ধারা ফিরে এলে সামনের দিনগুলোতে পুঁজিবাজার আরও স্থিতিশীল হবে এবং ভবিষ্যতে আইএএমপিএলসি কর্তৃক পরিচালিত ফান্ডগুলো ডিভিডেন্ড প্রদান করতে পারবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

০৫। আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লি. এর সম্মানিত বিনিয়োগকারী জনাব আব্দুল ওয়াহাব বলেন, কোম্পানির কর্মচারীগণ অত্যন্ত আন্তরিক এবং সেবাপরায়ণ। তবে তিনি জানান, অতিমূল্যায়িত শেয়ার ক্রয়ের কারণে তাঁর পোর্টফোলিওর বর্তমান অবস্থা খুব একটা ভালো নয়। ভবিষ্যতে Bluechip share ক্রয়ের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন।

চলমান পাতা-৩

০৬। আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর সম্মানিত বিনিয়োগকারী জনাব মোঃ মহিন উদ্দিন মিন্টু সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, আইএসটিসিএল এর প্রদত্ত সেবায় তিনি সন্তুষ্ট। বর্তমানে তিনি মোবাইল অ্যাপভিত্তিক শেয়ার ক্রয়-বিক্রয় সেবা নিয়মিত পাচ্ছেন বলে মত প্রকাশ করেন। তিনি আরও জানান, মোট গ্রাহকের প্রায় ৮০ শতাংশ মোবাইলের মাধ্যমে ট্রেড করে থাকেন। পূর্বে BEFTN এর মাধ্যমে গ্রাহকের ব্যাংক হিসেবে দ্রুত তহবিল স্থানান্তর করা সম্ভব হত না। বর্তমানে এই সমস্যাটির সমাধান হয়েছে। এ ব্যাপারে দ্রুত, কার্যকর সমাধান দেয়ার জন্য তিনি কর্পোরেশনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান। এছাড়া, তিনি কর্পোরেশনের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য প্রোগ্রামের সাফল্য কামনা করে তাঁর মূল্যবান বক্তব্য শেষ করেন।

০৭। আইসিবি চট্টগ্রাম শাখার সম্মানিত বিনিয়োগকারী জনাব প্রিয়লাল বণিক জানান, তিনি শাখার একজন পুরাতন বিনিয়োগকারী ও গ্রাহক। ১৯৮৫ সাল হতে তিনি আইসিবি চট্টগ্রাম শাখায় তাঁর বিনিয়োগ হিসাব পরিচালনা করে আসছেন। শাখার কর্মচারীদের প্রদত্ত সেবায় তিনি সন্তুষ্ট। তিনি আরও বলেন, দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের জন্য পুঁজিবাজারের বিকল্প নেই। তিনি কর্পোরেশনের আইসিবি ইউনিট ফান্ড এর বিক্রয় কার্যক্রম পুনরায় চালু করার বিষয়ে গুরুত্বারোপ করেন। জনাব প্রিয়লাল বণিক এর প্রস্তাবের বিষয়ে সভার সভাপতি মহোদয় বলেন যে, নতুন ইউনিট সার্টিফিকেট বিক্রয় কার্যক্রম আইসিবি কর্তৃপক্ষের বিবেচনায় রয়েছে। তবে বিষয়টি নিয়ে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনসহ সংশ্লিষ্ট সকল পক্ষকে নিয়ে চেষ্টা চালিয়ে যাচ্ছে আইসিবি।

০৮। কর্পোরেশনের রাজশাহী শাখার সম্মানিত বিনিয়োগকারী জনাব মোহসীন আলী তাঁর বক্তব্যের শুরুতেই স্টক এক্সচেঞ্জসমূহের শেয়ার Trade day T+1 করার ব্যাপারে কোনো অগ্রগতি আছে কিনা জানতে চান। শাখায় তাঁর প্রায় ২.০০ কোটি টাকা বিনিয়োগ রয়েছে জানিয়ে তিনি নতুন মার্জিন বিধিমালা অনুযায়ী আইসিবি'র বিনিয়োগকারীগণের অনুকূলে 1:1 মার্জিন চালু করার অনুরোধ জানান। শাখার অন্য বিনিয়োগকারী জনাব আব্দুল হাকিম বলেন, আইসিবি'র মাধ্যমে বিনিয়োগ করে তাঁর জীবনে আর্থিক স্বচ্ছলতা এসেছে। তিনি আইসিবি রাজশাহী শাখার কর্মচারীদের আন্তরিক সেবায় সন্তুষ্ট। তবে আইসিবি'র বিনিয়োগকারীগণের জন্য ফোনের মাধ্যমে ট্রেড চালু করার দাবী জানান তিনি। এছাড়া, পুঁজিবাজারকে কীভাবে আরও ভালো করা যায় এ বিষয়ে কাজ করার জন্য সভায় উপস্থিত কর্মকর্তাগণকে অনুরোধ জানান। এ প্রসঙ্গে সভায় উপস্থিত মহাব্যবস্থাপক (ইইএফ) জনাব মোঃ হাবিবুর রহমান বলেন, উক্ত দুজন বিনিয়োগকারী তাঁর পূর্ব পরিচিত। শেয়ার ক্রয়-বিক্রয়ে T+1 করার বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং স্টক একচেঞ্জসমূহের বিধি-বিধান রয়েছে। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক এ বিষয়ে জোর প্রচেষ্টা অব্যাহত রয়েছে। তবে, বিনিয়োগকারীদের দাবী অনুযায়ী ট্রেডিং সময় T+1 করা নিয়ে আইসিবি স্টক একচেঞ্জসমূহের সাথে দীর্ঘদিন যাবৎ কথা বলে আসছে। এছাড়া, তিনি আরও জানান, নতুন মার্জিন বিধিমালা অনুযায়ী আইসিবি'র বিনিয়োগকারীদের জন্য 1:1 মার্জিন প্রদান করার বিষয়ে কর্পোরেশনের ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট কর্তৃক একটি নীতিমালা তৈরির কাজ চলমান রয়েছে যা, অচিরেই কার্যকর করা হবে। এছাড়া, ফোনের মাধ্যমে ট্রেড সুবিধা চালু রাখার জন্য শাখা প্রধানকে তাৎক্ষণিক নির্দেশনা প্রদান করেন।

০৯। কর্পোরেশনের খুলনা শাখার সম্মানিত বিনিয়োগকারী জনাব ইকবাল আনোয়ার জানান, তিনি ২০০৪ সাল থেকে অত্র শাখার সাথে বিনিয়োগ হিসাব পরিচালন করে আসছেন। তিনি আইসিবিকে Financial Architect আখ্যায়িত করে বলেন, পুঁজিবাজারের বর্তমান সংকট থেকে উত্তোরণের পথ আইসিবিকেই খুঁজে বের করতে হবে। বাজারে আশানুরূপ কোনো উন্নতি দৃশ্যমান না-হওয়ায় তিনি আইসিবি-কে সকল পক্ষের সাথে একত্রে কাজ করার আহ্বান জানান। এছাড়া, তিনি খুলনা শাখার কর্মচারীদের আন্তরিক সেবা প্রদানের জন্য ধন্যবাদ জানান। তাঁর বক্তব্যের জবাবে, কর্পোরেশনের মহাব্যবস্থাপক (অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স ও ব্রাঞ্চ এন্ড সাবসিডিয়ারি) মিসেস মাহমুদা আক্তার বলেন, সরকারি প্রতিষ্ঠান হিসেবে আইসিবি Financial Architect হিসেবে পুঁজিবাজার স্থিতিশীলতা রক্ষায় দীর্ঘকাল ধরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সংকট উত্তোরণে আইসিবি কর্তৃক কতিপয় কৌশলগত পরিকল্পনা/অপারেশনাল কার্যক্রম গ্রহণ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নীতি সহায়তা প্রাপ্তির লক্ষ্যে আইসিবি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে সামগ্রিক বাজার পরিস্থিত ও অর্থনৈতিক প্রেক্ষাপটে পুঁজিবাজারে আইসিবি নতুন কোনো ফান্ড inject করতে পারছে না। এ প্রতিষ্ঠানের হাত ধরে ভবিষ্যতে পুঁজিবাজার আরও শক্তিশালী হবে প্রত্যাশা ব্যক্ত করে তিনি সকলকে ধৈর্যসহকারে বাজারে টিকে থাকার পরামর্শ দেন। সরকার ও নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানসমূহের ইতিবাচক উদ্যোগ ইতিমধ্যে বাজারে প্রভাব ফেলেছে। আশা করা যায় আগামীতে পুঁজিবাজার ঘুরে দাঁড়াবে এবং বিনিয়োগকারীদের বিনিয়োগের পথ সুগম হবে। সবশেষে তিনি আইসিবি'র ৫০ বছর পূর্তি উপলক্ষে সভায় উপস্থিত ও অনলাইনে সংযুক্ত সকলের দোয়া কামনা করেন।

চলমান পাতা-৪

১০। বরিশাল শাখার সম্মানিত বিনিয়োগকারী জনাব আলতাফ হোসেন বলেন, তিনি ১৯৯৫ সাল থেকে বিনিয়োগকারী হিসেবে আইসিবি বরিশাল শাখায় রয়েছেন। শাখা কর্তৃক প্রদত্ত সেবা নিয়ে তাঁর কোনো অভিযোগ নেই। তবে মূল্য কমে যাওয়ায় তাঁর পোর্টফোলিওতে থাকা শেয়ার বিক্রয় করতে পারছেন না এবং সেই সাথে গৃহীত মার্জিন লোনের সুদ বাড়ছে মর্মে হতাশা ব্যক্ত করেন। আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড সার্টিফিকেট এর বিপরীতে এ বছর কোনো লভ্যাংশ না দেওয়ায় ক্ষোভ প্রকাশ করেন। তাঁর বক্তব্যের জবাবে, সভায় উপস্থিত মহাব্যবস্থাপক (ইইএফ) জনাব মোঃ হাবিবুর রহমান বলেন, Covid-19 চলাকালীন ও পরবর্তী সময়ে পুঁজিবাজারে ফ্লোর প্রাইসের কারণে পোর্টফোলিওতে লাভে থাকা শেয়ার সময়মত বিক্রি করতে না-পারা এবং ফ্লোর প্রাইস প্রত্যাহারের পর অব্যাহতভাবে শেয়ারের দাম কমতে থাকায় লভ্যাংশ দেয়া সম্ভব হয়নি। তবে ভবিষ্যতে এই ফান্ডটি ভালো লভ্যাংশ দিতে পারবে বলে তিনি বিনিয়োগকারীকে আশ্বস্ত করেন।

১১। আইসিবি সিলেট শাখার সম্মানিত বিনিয়োগকারী জনাব জয়দেব শর্মা চৌধুরী জানান, তিনি একজন পুরনো বিনিয়োগকারী এবং উক্ত শাখায় ১৯৮৯ সাল হতে লেনদেন করে আসছেন। শাখা হতে প্রদত্ত সেবার ব্যাপারে তাঁর কোনো অভিযোগ নেই এবং তিনি সন্তুষ্ট। এছাড়া, সিনিয়র সিটিজেনদের জন্য পুঁজিবাজারে কোনো স্কীম চালু করা যায় কিনা এ ব্যাপারে কাজ করার জন্য তিনি আইসিবিকে অনুরোধ জানান। তবে, আইসিবি ইউনিট ফান্ড হতে বিগত বছরের তুলনায় ২০২৬ সালে কম লভ্যাংশ ঘোষণা করায় হতাশা ব্যক্ত করেন। সবশেষে, আইসিবি'র সুবর্ণজয়ন্তী উপলক্ষে তিনি কর্পোরেশনের সকল কর্মকর্তা-কর্মচারীকে শুভেচ্ছা জানান। তাঁর বক্তব্যের জবাবে, মহাব্যবস্থাপক (অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স ও ব্রাঞ্চ এন্ড সাবসিডিয়ারি) মিসেস মাহমুদা আক্তার বিনিয়োগকারীদের স্বার্থ, প্রত্যাশার প্রতি আইসিবি সবসময়ই সচেতন। পুঁজিবাজারে ইতিবাচক ধারা ফিরে এলে ভবিষ্যতে ইউনিট ফান্ড হতে আরও ভালো লভ্যাংশ প্রদান করা সম্ভব হবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন। এছাড়া, সিনিয়র সিটিজেনদের জন্য মিউচ্যুয়াল ফান্ড গঠনের সুন্দর পরামর্শ প্রদানের জন্য তাঁকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে এ বিষয়ে আইসিবি কাজ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

১২। বগুড়া শাখার সম্মানিত বিনিয়োগকারী জনাব এস,এম রেজাউল বারী বলেন, বগুড়া শাখার বিনিয়োগ হিসাবে সুদ মওকুফের ব্যাপারে কিছু করা হয়নি। এছাড়া, শাখার কর্মচারীদের সেবার ব্যাপারে তাঁর কোনো অভিযোগ নেই। মহাব্যবস্থাপক (অ্যাডমিন) জনাব বিভাস সাহা বলেন, বিনিয়োগ হিসাবগুলোর সুদ মওকুফের বিষয়টি আইসিবি'র বিবেচনাধীন রয়েছে। আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এ সুদ মওকুফ case to case ভিত্তিতে করা হচ্ছে। এ বিষয়ে শাখার ব্যবস্থাপক বরাবর প্রস্তাব পেশ করার জন্য তাঁকে অনুরোধ জানানো হয়। এক্ষেত্রে বিনিয়োগ হিসাবে মার্জিন ঋণের সুদ মওকুফের ক্ষেত্রে শাখার সামর্থ্য অনুযায়ী বিষয়টি পরবর্তীতে বিবেচনা করা যেতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

১৩। আইসিবি স্থানীয় কার্যালয়ের জনাব মোঃ শহীদ আবরার বলেন, ইউনিট সার্টিফিকেট লিয়েন এর সুদ হার কমানো যায় কিনা খতিয়ে দেখার জন্য। এ বিষয়ে মহাব্যবস্থাপক (অ্যাডমিন) জানান, আইসিবি'র বর্তমান cost of fund বিবেচনায় এ মুহূর্তে সুদ কমানো সম্ভব হচ্ছে না, তবে বিষয়টি বিবেচনায় রাখা হলো।

১৪। ইইএফ সহায়তা প্রকল্পের উদ্যোক্তা এবং এমকেডি এগ্রো লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মেহেদি হাসান চৌধুরী বলেন, ইইএফ ডিপার্টমেন্ট এর কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে সব সময় আন্তরিক সেবা পেয়েছেন এবং উপকৃত হয়েছেন। তিনি জানান ইইএফ হতে সমূলধন সহায়তা গ্রহণ করে তিনি বগুড়ায় একটি কোল্ডস্টোরেজ স্থাপন করেছেন। প্রতিষ্ঠানটিতে সর্বমোট ১৩ জন কর্মচারী নিয়ে কাজ করছেন। এছাড়া, প্রকল্পটি তিনি আরও বড় করতে চান। এক্ষেত্রে এর পূর্বে প্রতিষ্ঠানটি একক নামে করতে পারলে সুবিধা হতো। কারণ কোম্পানির নামে প্রকল্প করার ফলে অনেক জটিলতা তৈরি এবং অন্য প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণের ক্ষেত্রে অনেক ধরণের papers maintain করতে হয়। এ প্রসঙ্গে মহাব্যবস্থাপক (ইইএফ) বলেন, ইইএফ সহায়তাপ্রাপ্ত এমকেডি এগ্রো লিঃ নামের প্রকল্পটি ভালো মানের। প্রকল্পের ব্যবস্থাপনা পরিচালক প্রকল্প বাস্তবায়নে অত্যন্ত আন্তরিক। প্রকল্প মূলধন (চলতি মূলধন) বাড়ানো যায় কিনা বিষয়টি তিনি জানতে চান। তিনি আরও জানান, প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে থাকলে অন্য প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করার ক্ষেত্রে ইইএফ ডিপার্টমেন্ট থেকে এনওসি প্রদান করা হয়। এছাড়া, Machinery-based ইইএফ প্রকল্পে পুনরায় মূলধন বৃদ্ধি করার সুযোগ নেই। তবে অন্য ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে চলতি মূলধন গ্রহণ করতে চাইলে আইসিবি'র সংশ্লিষ্ট ইইএফ ডিপার্টমেন্ট বরাবর আবেদন করলে উক্ত ডিপার্টমেন্ট হতে এনওসি প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে মর্মে জানান।

১৫। উক্ত সভায় বিস্তারিত আলোচনা এবং পর্যালোচনাপূর্বক কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) বিনিয়োগকারী/গ্রাহকগণের স্বার্থে শাখার বিনিয়োগ হিসাবের পোর্টফোলিও রিপোর্ট আরও সহজবোধ্য করে প্রস্তুত করতে হবে;

খ) স্ব-স্ব প্রতিষ্ঠানের সিটিজেন'স চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতঃ ওয়েবসাইটে আপলোড করতে হবে; এবং

গ) শাখাসমূহের বিনিয়োগকারী/গ্রাহকগণকে ফোন/মোবাইলের মাধ্যমে শেয়ার ক্রয়-বিক্রয়ের সুযোগ প্রদান করতে হবে।

চলমান পাতা-৫

১৬। পরিশেষে, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সভার সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে সম্মানিত বিনিয়োগকারীগণ আইসিবি'র মূল প্রাণ উল্লেখ করে সাবসিডিয়ারি এবং শাখাসমূহের সম্মানিত গ্রাহকগণের সন্তুষ্টির বিষয়ে শতভাগ গুরুত্ব দেওয়ার পরামর্শ প্রদান করে বলেন, গ্রাহককে সন্তুষ্ট রাখতে পারলে সহজে ব্যবসা পাওয়া যায়। তিনি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে জোর তাগিদ দেন। আলোচনার জন্য অন্য কোনো বিষয় না থাকায় তিনি সকলের সুস্বাস্থ্য কামনা করে এবং আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শরীফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট

(মাহমুদা আক্তার)
মহাব্যবস্থাপক
(অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স ও
ব্রাঞ্চ এন্ড সাবসিডিয়ারি)
আইসিবি।

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২৬